



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University

## নৃবিজ্ঞান বিভাগের নবীন বরণ ও বিদায় অনুষ্ঠান অনুষ্ঠিত



১৬ অক্টোবর, ২০১৯-বুধবার সকাল ১১ ঘটিকায় নৃবিজ্ঞান বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে ১১ তম ব্যাচের নবীন বরণ এবং ৩য় ও ৪র্থ ব্যাচের বিদায় অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

নৃবিজ্ঞান বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান অধ্যাপক ড. সানজিদা ফারহানার সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. ফরিদা আক্তার খানম। নবীন বরণ এবং বিদায় অনুষ্ঠান কমিটির আহ্বায়ক ছিলেন বিভাগের সহকারী অধ্যাপক জনাব তাসলিমা আতিক। এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যান, অন্যান্য শিক্ষক-শিক্ষিকা সহ বিদায়ী এবং নবীন শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।